

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 08-10-2024

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) আগামীকাল সন্ধ্যায় বোধনের মধ্যে দিয়ে দেবী দূর্গার পাঁচদিনব্যাপী পূজা ও উৎসব শুরু হবে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সরকারি সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়ে রাজ্য সরকার কাজ করছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বায়ুসেনা দিবস উপলক্ষ্যে ভারতীয় বায়ুসেনাকে শুভেচ্ছা জানিয়েছেন।
- (৪) কেন্দ্রীয় ঘূর্ব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ড. মনসুখ মান্ডাভিয়া জিমন্যাস্ট দীপা কর্মকারের অবসর গ্রহণের সিদ্ধান্তকে শুভেচ্ছা জানিয়েছেন।
- (৫) ভিন্ন মান্নকর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের বালক বিভাগের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা তৃতীয় ম্যাচে বড় ব্যবধানে জয়লাভ করেছে।

Durga Puja :

রাজ্য এখন উৎসব মুখর পরিবেশ। শারদীয়া দুর্গোৎসবের আজ পঞ্চমী তিথির সন্ধ্যা থেকেই রাজধানী আগরতলার বহু পুজো মন্ডপে দর্শনার্থীদের উপচে পড়া ভিড়। আগামীকাল সন্ধ্যায় বোধনের মধ্যে দিয়ে দেবী দূর্গার পাঁচদিনব্যাপী পূজা ও উৎসব শুরু হবে। শেষ সময়ের কেনাকাটার জন্য আগরতলার

বাজারগুলোতেও ব্যস্ততা তুঞ্জে। এদিকে চতুর্থী তিথিতেও আগরতলার বিভিন্ন সার্বজনীন পূজা মন্ডপে দর্শনার্থীদের ভিড় লক্ষ্য করা গেছে। গতকাল আগরতলায় অন্তত ১০টি সার্বজনীন পূজা মন্ডপের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। আজও মুখ্যমন্ত্রী আগরতলা শহরের বেশ কিছু পূজা মন্ডপ ও বিশালগড়ের কয়েকটি পূজা মন্ডপের উদ্বোধন করছেন।

এদিকে, পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে, এবছর রাজ্যে দুর্গাপূজার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে দুই হাজার ৬২৬। এরমধ্যে শহর এলাকার পূজা হচ্ছে ৮৭৮টি এবং গ্রামীণ এলাকায় মোট পূজা হচ্ছে এক হাজার ৭৪৮টি। সারা রাজ্যে মোট ২১৫টি পুলিশ সহায়তা কেন্দ্র খোলা হচ্ছে। পশ্চিম জেলায় পুলিশ সহায়তা কেন্দ্র থাকবে ৭৭টি। পুজো উপলক্ষ্যে সারা রাজ্যে অতিরিক্ত ২০৩টি সিসিটিভি বসানো হচ্ছে। আগামীকাল থেকেই সমস্ত পূজা মন্ডপ প্রাঙ্গনে পর্যাপ্ত পরিমাণে নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে।

পুজোর চার দিন সপ্তমী, অষ্টমী, নবমী এবং দশমীতে আগরতলা শহরে যান চলাচলের উপর নিয়ন্ত্রণ অর্থাৎ নো-এন্ট্রি বলবৎ থাকবে। বিকাল পাঁচটা থেকে রাত ১টা পর্যন্ত নো-এন্ট্রি থাকবে বলে ট্রাফিক দপ্তরের ভারপ্রাপ্ত পুলিশ সুপার সুদেষ্ঠা ভট্টাচার্য জানিয়েছেন।

PM Narendra Modi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শারদীয়া নবরাত্রির সূচনাতে প্রথমদিনেই দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছিলেন। তিনি আজ নবরাত্রির ষষ্ঠ দিনে দেবী কাত্যায়নীকে প্রণাম জানিয়ে বলেন, দেবীর আশীর্বাদে সকলের জীবনে শক্তি ও সাহস সঞ্চারিত হোক। উল্লেখ্য, শারদীয়া নবরাত্রি উপলক্ষ্যে দেশজুড়ে বিভিন্ন মন্দিরে পূজার্চনা চলছে।

Haryana :

হরিয়ানা বিধানসভা নির্বাচনে বিজেপি পুনরায় ক্ষমতায় বসছে। অপরদিকে জম্মু ও কাশ্মীরে ক্ষমতায় এলো ইন্ডিয়া জেট। নির্বাচন কমিশনের ঘোষিত সর্বশেষ ফলাফল অনুযায়ী হরিয়ানা বিধানসভা মোট ৯০টি আসনের মধ্যে ৪৮টি আসন পেয়েছে বিজেপি, কংগ্রেস পেয়েছে ৩৬টি আসন ও ১টি আসনে এগিয়ে আছে। ইন্ডিয়ান ন্যাশনাল লোকদল পেয়েছে ২টি আসন। তাছাড়া নির্দল প্রার্থীরা মোট ৩টি আসনে জয়ী হয়েছে।

এদিকে, জম্মু ও কাশ্মীর বিধানসভায় মোট ৯০টি আসনের মধ্যে জম্মু ও কাশ্মীর ন্যাশনাল কনফারেন্স পেয়েছে ৪২টি আসন, কংগ্রেস পেয়েছে ৬টি আসন, বিজেপি মোট ২৯টি, জম্মু ও কাশ্মীর পিপলস ডেমোক্রেটিক পার্টি পেয়েছে ৩টি আসন। তাছাড়া জম্মু ও কাশ্মীর পিপল কনফারেন্স, সিপিআইএম, আম আদমী পার্টি ১টি করে আসন পেয়েছে। নির্দল প্রার্থীরা মোট ৭টি আসনে জয়ী হয়েছে।

CM-Cloth Distribution :

শারদোৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ রামনগরে বিজেপি আয়োজিত বন্ধুদান অনুষ্ঠানে দুঃস্থদের বন্ধু বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। তাছাড়া মেয়র শ্রী মজুমদার বর্ডার গোলচক্কর এলাকায় বিজেপি রামনগর মন্ডলের আয়োজিত অনুষ্ঠানে দুঃস্থদের মধ্যে বন্ধু বিতরণ করেন।

CM-Kmalasagar :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সরকারি সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়ে রাজ্য সরকার কাজ করছে। আজ কমলাসাগরে বিজেপি মন্ডল

কমিটি আয়োজিত বস্ত্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত উল্লেখ করে সন্তোষ প্রকাশ করেন তিনি। মুখ্যমন্ত্রী শারদোৎসবের দিনগুলিতে সর্বত্র শান্তি বজায় রাখার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক অন্তরা দেব সরকার, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ।

J P Nadda :

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড়ো যক্ষা রোগীদের ও তাদের পরিবারের পুষ্টি সহায়তা বাড়ানোর লক্ষ্য বেশ কয়েকটি মূল উদ্যোগ ঘোষণা করেছেন। টি বি নির্মূলে ভারতের দৃঢ় প্রতিশ্রুতির কথা তুলে ধরে শ্রী নাড়ো জানান নিষ্কয় পোষণ যোজনার অধীনে মাসিক পুষ্টি সহায়তায় চিকিৎসার সময় সমস্ত যক্ষা রোগীদের জন্য প্রদেয় ৫০০ টাকা বাড়িয়ে এক হাজার টাকা করা হয়েছে। সরকার প্রধানমন্ত্রী টিভি মুক্ত ভারত অভিযানের অধীনে নিষ্কয় মিত্র উদ্যোগের পরিধি এবং কভারেজ সম্প্রসারণের অনুমতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নিষ্কয় পোষণ যোজনার অধীনে সরাসরি সুবিধা প্রদানের মাধ্যমে এখন পর্যন্ত ১ কোটি ১৩ লক্ষ সুবিধা ভোগীকে ৩ হাজার ২০২ কোটি টাকা বিতরণ করা হয়েছে।

Atal Pension Yojna :

অটল পেনশন যোজনার অধীনে মোট নথিভুক্তির সংখ্যা ৭ কোটি ছাড়িয়ে গেছে। পেনশন তহবিল নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশিত তথ্য অনুসারে চলতি অর্থবছরে এই পর্যন্ত ৫৬ লক্ষেরও বেশি এই যোজনার অধীনে নথিভুক্ত হয়েছে। এই প্রকল্পের নথিভুক্তদের প্রতি মাসে এক হাজার থেকে পাঁচ হাজার টাকা নিশ্চিত নৃন্যতম পেনশন প্রদান করা হয়। ২০১৫ সালে সবার জন্য বিশেষ করে অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য সার্বজনীন

সামাজিক সুরক্ষা ব্যবস্থা তৈরীর লক্ষ্যে এই অটল পেনশন যোজনা চালু করা হয়েছিল।

Nobel Prize :

পদার্থ বিজ্ঞানে এবছর নোবেল পুরস্কার পেলেন দুই বিজ্ঞানী। তাঁরা হলেন— নিউ জার্সির প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জন জে. হপফিল্ড ও কানাডার টরন্টো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জেফরি ই. হিন্টন। আজ রয়্যাল সুইডিশ একাডেমি অফ সায়েন্সেস পুরস্কারের জন্য তাদের নাম ঘোষণা করে। নোবেল কর্তৃপক্ষ জানায়, কৃত্রিম নিউরাল নেটওয়ার্কের মাধ্যমে মেশিন লার্নিং সম্ভবপর করে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ আবিষ্কার ও উদ্ভাবনের জন্য তাঁরা এই পুরস্কার পেলেন।

Air Force Day :

ভারতীয় বায়ুসেনা আজ চেন্নাইয়ের তাস্বারামে ৯২তম বার্ষিকী উদযাপন করেছে। দিনটি ফ্লাইপাস্ট ও কুচকাওয়াজের মাধ্যমে উদযাপিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বায়ুসেনা প্রধান এয়ার চিফ মার্শাল অমর প্রীত সিং। তিনি বলেন, বিগত কয়েক বছর ধরে, ভারত অপারেশনাল ক্ষমতাকে শক্তিশালী করতে, পেশাদারিত্বকে উন্নত করতে এবং ক্রমবর্ধমান চ্যালেঞ্জিং যুদ্ধের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে। সক্ষম এবং সম্পূর্ণ আত্মনির্ভর বায়ুসেনার জন্য প্রচেষ্টা চালিয়ে যেতে বায়ুসেনা প্রধান শ্রী সিং আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বায়ুসেনা দিবস উপলক্ষ্যে ভারতীয় বায়ুসেনাকে শুভেচ্ছা জানিয়েছেন। বায়ুসেনার সাহসিকতাকে অভিবাদন জানিয়ে প্রধানমন্ত্রী নিজের এক্স হ্যান্ডেলে লিখেছেন, ভারতীয় বায়ুসেনা নিজস্ব পেশাদারিত্ব ও সাহসের জন্য প্রশংসিত। বায়ুসেনা তাঁদের সাহসিকতা এবং পেশাদারিত্বের জন্য প্রশংসিত।

দেশকে রক্ষায় তাঁদের ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। প্রধানমন্ত্রী ভারতীয় বায়ুসেনার সাফল্য তুলে ধরে একটি ভিডিও শেয়ার করেছেন, পাশাপাশি বায়ুসেনা কীভাবে একবিংশ শতাব্দীর সবচেয়ে শক্তিশালী বাহিনীতে পরিণত হয়েছে তাও তুলে ধরেন।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Kedarnath Temple :

অতীতের পরম্পরা মেনে আগামী তেসরা নভেম্বর বন্ধ হবে কেদারনাথ মন্দিরের দরজা। ওইদিন ভ্রাতৃদ্বিতীয়া। সেদিন সকাল সাড়ে ৮টায় শীতের মরশুমের জন্য বন্ধ করে দেওয়া হবে কেদারনাথ মন্দির।

Dipa Karmakar :

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ড. মনসুখ মান্ডাভিয়া জিমন্যাস্ট দীপা কর্মকারের অবসর গ্রহণের সিদ্ধান্তকে শুভেচ্ছা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মান্ডাভিয়া বলেছেন দীপার প্রতিভা লক্ষ লক্ষ মানুষ বিশেষত মেয়েদের খেলাধুলায়

অনুপ্রাণিত করেছে। তিনি আরো বলেন দীপার কৃতিত্ব কেবল বিশ্বমঞ্চে দেশকে গর্বিত করেনি, লক্ষ লক্ষ ভারতীয়কে গর্ব ও সম্মানের মুহূর্ত দিয়েছে।

Vinu Mankar Cricket :

ভিনু মান্কর ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের বালক বিভাগের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা তৃতীয় ম্যাচে বড় ব্যবধানে জয়লাভ করেছে। আজ জয়পুরে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ২০২ রানে মিজোরামকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে রাজ্যদল নির্ধারিত ৫০ ওভারে ৪ উইকেট হারিয়ে ৩৪৪ রান করে। জবাবে মিজোরাম ৩৯ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১৪২ রান করতে সক্ষম হয়।

Women's Cricket :

অনুর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের শেষ ম্যাচও হেরে ত্রিপুরা গ্রুপ থেকে বিদায় নিলো। চান্দিগড়ে অনুষ্ঠিত খেলায় উত্তর প্রদেশ ৫ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে রাজ্যদল ১৮ ওভার ২ বল-এ মাত্র ৬৫ রান করে। জবাবে উত্তর প্রদেশ ১৮ ওভার ১ বল-এ ৫ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। গ্রুপে মোট ৫টি খেলার মধ্য রাজ্যদল একটিতে জয় পায় এবং বাকী চারটি ম্যাচে পরাজিত হয়।

Weather :

দুর্গাপুর্জোর চারদিন রাজ্যে ভারী বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা নেই। বলে স্বত্তির বার্তা দিলেন আগরতলা আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ পার্থ রায়। তিনি জানিয়েছেন, পুর্জোর চারদিন রাজ্যের বিভিন্ন

জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা বৃত্তিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ১ দশমিক আট মিলিমিটার।
